



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১১৬৪(২৫০)

তারিখঃ ০৮/১১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে মেয়াদি ঋণের বিপরীতে ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা শতভাগ (১০০%) অর্জনের নিমিত্ত কার্যকর নির্দেশনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/৫৭৯(১২৫০) তারিখঃ ৩১/০৮/২০২২ এবং ১০০৬(১২৫০), তারিখঃ ১৮/১০/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঋণ বিতরণের জন্য অত্র ব্যাংকের মোট বরাদ্দ ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকা মাঠ পর্যায়ে বটনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে তা অর্জনের লক্ষ্যে অত্র বিভাগ হতে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ০৩/১১/২০২২ তারিখ ভিত্তিক পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগ	২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম		
		ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার
১	ঢাকা	৮৬.০০	৩.০৪	৩.৫৩%
২	ময়মনসিংহ	৫০.০০	০.৯৫	১.৯০%
৩	চট্টগ্রাম	৩৭.০০	১.১৫	৩.১১%
৪	খুলনা	২৭.০০	০.৬৩	২.৩৩%
৫	বরিশাল	১৯.০০	০.৫৪	২.৮৪%
৬	সিলেট	২৪.০০	০.৮১	৩.৩৮%
৭	কুমিল্লা	৫৭.০০	০.৭২	১.২৬%
৮	ফরিদপুর	৩৩.০০	০.২৪	০.৭৩%
৯	কুষ্টিয়া	৩৯.০০	১.০৪	২.৬৭%
১০	এলপিও	৮.০০	-	-
	মোট	৩৮০.০০	৯.১২	২.৪০%

*উপরোক্ত ছক পর্যালোচনায় দেখা যায় যে, CMSME খাতের ২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দপ্রাপ্ত লক্ষ্যমাত্রা ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকার বিপরীতে বিগত ০৩/১১/২০২২ ইং পর্যন্ত অত্র ব্যাংকের মোট বিতরণের অর্জন ৯.১২ (নয় কোটি বারো লক্ষ) টাকা; মোট লক্ষ্যমাত্রার ২.৪০% যা হতাশাজনক। কোন বিভাগই ঋণ বিতরণের আশানুরূপ লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয় নি।

০৩। আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের ঋণ বিতরণ কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে বিভিন্ন পত্র জারী এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে জুম মিটিং এ বিভিন্ন নির্দেশনা দেয়া হলেও বিতরণ কার্যক্রমে আশানুরূপ গতি সঞ্চর হয়নি, যা কোনভাবেই কাম্য নয়। ৩০/১০/২০২২ তারিখে পরিচালনা পর্ষদের ৮১৮তম সভায় আলোচ্য প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্ষদ অবহিত হন এবং ব্যাংকের বিভাগওয়ারী বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা দ্রুততম সময়ের মধ্যে অর্জনের নির্দেশনা প্রদান করেন।

এহ

চলমান পাতা-০২


বিষয় : কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে মেয়াদি ঋণের বিপরীতে ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা শতভাগ (১০০%) অর্জনের নিমিত্ত কার্যকর নির্দেশনা প্রসঙ্গে।

০৪। ব্যাংকের পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক "সিএমএসএমই খাতে মেয়াদি ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম" এর আওতায় বিভাগওয়ারী বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা দ্রুততম সময়ের মধ্যে অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে :

- (ক) সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯ এর আলোকে সংজ্ঞায়িত সকল কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ এ স্কিমের আওতায় অর্থায়নের যোগ্য বলে বিবেচিত হবে;
- (খ) ক্লাস্টার অর্থায়ন ও নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;
- (গ) কাজিত লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে থাকা শাখাসমূহের জন্য বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় কর্তৃক আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে;
- (ঘ) প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় সম্ভাব্য সিএমএসএমই উদ্যোক্তা খুঁজে বের করতে হবে এবং তাদের তালিকা প্রণয়নপূর্বক যোগ্য উদ্যোক্তাদেরকে উক্ত প্যাকেজের আওতায় অর্থায়ন করতে হবে। অঞ্চল প্রধানগণ শাখা পরিদর্শনকালে বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন;
- (ঙ) ভোগরত চলতি মূলধন/নগদ পুঁজি ঋণ হিসাব বন্ধ করে কোন প্রতিষ্ঠানকে এ প্যাকেজের আওতায় মেয়াদী ঋণ প্রদান করা যাবে না। তবে, প্রতিষ্ঠানের সম্প্রসারণ, আধুনিকীকায়ন ও স্থায়ী সম্পদ বৃদ্ধির লক্ষ্যে চলতি মূলধন/নগদ পুঁজি ঋণের পাশাপাশি মেয়াদী ঋণ প্রদানে কোন বাধা নেই।

০৫। এমতাবস্থায়, ব্যাংক পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২, অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এবং অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এ সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে স্ব-স্ব বিভাগের লক্ষ্যমাত্রা অর্জনসহ প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত

 (মোহাম্মদ মঈনুল ইসলাম)
 উপমহাব্যবস্থাপক
 ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১২৬৫(১২৫০)

তারিখঃ ০৮/১১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


 ০৮/১১/২০২২
 (মুহাম্মদ মোশাররফ হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক